দৈনিক সংবাদ

তারিখ 22 APR 1998

পৃষ্ঠা ৭ কলাম ৬

# প্রশ্নপত্র ফাঁস শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি

(সংসদ বার্তা পরিবেশক)

বিএনপির সংসদীয় দলের হুইপ জয়নাল আবেদিন ফারুক এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার জন্যে শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন।

গতকাল মঙ্গলবার সকালে জাতীয় সংসদে বৈধতার প্রশ্নে বক্তব্য প্রদানকালে তিনি এই দাবি জানান। বিএনপির সংসদ সদস্য বলেন, প্রশ্নপত্র ফাঁস হওয়ায় দেশের সাড়ে ৭ লাখ এসএসসি পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। এই অবস্থায় প্রশ্নপত্র ফাঁসের দায়দায়িত্ব স্বীকার করে নিয়ে শিক্ষামন্ত্রীর পদত্যাগ করা উচিত।

হুইপ জয়নাল আবেদিন ফারুক প্রশ্নপত্র ফাঁসের ঘটনা পত্রিকায় প্রকাশের কারণে সাংবাদিকদের বিরুদ্ধে মামলা দায়ের এবং দু'জন সাংবাদিক গ্রেফতারের নিন্দা করে

পদত্যাগ ঃ পৃঃ ১২ কঃ৩

## পদত্যাগ ঃ দাবি

(১ম পৃষ্ঠার পর)

বলেন, জাতির বিবেক সাংবাদিকদের প্রতি এ ধরনের আচরণ নিন্দনীয়। জাতীয় পার্টির সংসদীয় দলের হুইপ এডভোকেট ফজলে রাব্বি বৈধতার প্রশ্নে প্রশ্নপত্র ফাঁসের ঘটনার নিন্দা করে বলেন, প্রশ্নপত্র ফাঁসে এসএসসি পরীক্ষা নিয়ে তাণ্ডবলীলা চলছে সারাদেশে। তিনি এ ব্যাপারে শিক্ষামন্ত্রীর একটি বিবৃতি দাবি করে বলেন, সরকার নির্লিপ্ত থাকতে পারে না। জাতিকে এ ব্যাপারে সঠিক দিক নির্দেশনা দেয়া প্রয়োজন।

**সুন্দরী প্রতিযোগিতা বন্ধের দাবি ঃ** বাতিল নোটিশের উপর বক্তব্য দেয়ার সময় বিএনপির সংসদ সদস্য নাজিম উদ্দিন আলম দেশের বর্তমান অবস্থায় সুন্দরী প্রতিযোগিতা বন্ধ করার দাবি জানিয়েছেন। তিনি এই সুন্দরী প্রতিযোগিতার আয়োজনকে দেশের নিরন্ন মানুষের জন্যে নিষ্ঠুর পরিহাস এবং জাতীয় ঐতিহ্যের পরিপন্থী বলে আখ্যায়িত করেন। তিনি বলেন, দেশে বর্তমানে দুর্ভিক্ষাবস্থা বিরাজ করছে। জিনিসপত্রের দাম বেড়ে চলেছে। এই অবস্থার নিরসন প্রয়োজন।